**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 12.07.2026** **Time: 7-35 AM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ রাজ্যে বড় বিনিয়োগ আকর্ষণে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির জন্য 'এক জানালা' পদ্ধতি শুরু করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। **#**জমি ক্রয় নীতিতেও বদল আনছে রাজ্য সরকার।

২/ একগুচ্ছ কর্মসূচী নিয়ে ফের রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। **#**আগামী ১৮'ই জুলাই সাঁকরাইলে, আমূল-এর কারখানার উদ্বোধন করবেন তিনি।

৩/ অভিন্ন দেওয়ানি বিধি UCC-র খসড়া বিল পর্যালোচনায় সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা দেশাইয়ের নেতৃত্বে রাজ্য সরকার, ৯ সদস্যের কমিটি গঠন করেছে।

৪/ RG Kar-এ তরুণী চিকিৎসককে ধর্ষণ-খুনের ঘটনায় নমুনা বিকৃতির অভিযোগের, দ্রুত তদন্ত করে CBI-কে প্রাথমিক রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ শিয়ালদা আদলতের।

৫/ সংস্কার ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য বিদ্যাসাগর সেতু-তে আজ রাত দশটা পর্যন্ত যান চলাচল বন্ধ রয়েছে।

৬/ রাজ্যের সর্বত্র আগামী দুদিন, ভারি বৃষ্টির পূর্বাভাস।

*************************************************************

রাজ্যে বড় বিনিয়োগ আকর্ষণে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির জন্য **'এক জানালা'** পদ্ধতি গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আগের নীতির পরিবর্তন করে রাজ্য সরকার নিজেই জমি কিনে শিল্প সংস্থাগুলির হাতে তুলে দেবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন। সরকার ল্যান্ড সিলিং আইনেও পরিবর্তন আনছে। হুগলীর ডানকুনিতে গতকাল একটি হোসিয়ারি সংস্থার কারখানা সম্প্রসারণ অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি একথা বলেন।

( বাইট- শুভেন্দু/ ল্যান্ড )

মুখ্যমন্ত্রী বলেন, তোলাবাজি, কথায় কথায় বনধ-এর মত অপসংস্কৃতি শিল্পায়নের পথে প্রধান অন্তরায়। যে সব সংস্থা বা শিল্পপতি রাজ্যে ১০০ কোটি টাকার বেশি বিনিয়োগ করতে চান, তাঁরা যাতে সহজে অনুমোদন পান, তার ব্যবস্থা করবে সরকার। শিল্প প্রসারের জন্য পাঁচ হাজার কোটি টাকার বিশেষ বাজেটও রাখা হয়েছে বলে জানান তিনি।

শিল্পমন্ত্রী তাপস রায় বলেন, পশ্চিমবঙ্গ শিল্পের আদর্শ জায়গা হলেও গত পাঁচ দশকের অবহেলার কারণে রাজ্যে শিল্পের খরা। নতুন শিল্প গড়ে উঠলে রাজ্যের শ্রমিকদের আর কাজের খোঁজে বাইরে যেতে হবে না।

( বাইট- তাপস/ লাক্স )

শ্রমিক মালিক সংঘর্ষ নয়, শ্রমিক ও মালিকের মধ্যে সমন্বয় রেখে রাজ্যে শিল্পায়ন হবে বলে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন।

( বাইট- শমীক/ লাক্স )

উল্লেখ্য, প্রায় ৬০০ কোটি টাকা ব্যয়ে ডানকুনিতে, হোসিয়ারি সংস্থার সম্প্রসারণ এই কারখানার সম্প্রসারণ হচ্ছে।

*******************************************************************

একগুচ্ছ কর্মসূচী নিয়ে ফের রাজ্যে আসছেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। এমাসের ১৮ ও ১৯ তারিখ তাঁর বিভিন্ন কর্মসূচী রয়েছে। ১৮ ই জুলাই হাওড়ার সাঁকরাইলে আমুলের দুগ্ধজাত সামগ্রীর কারখানার উদ্বোধন করবেন তিনি। ১৯ তারিখ দলের নেতা কর্মীদের নিয়ে কর্মসূচী রয়েছে স্বরাষ্ট্র মন্ত্রীর। ঐদিন বিকেলেই তিনি দিল্লী রওনা দেবেন।

*******************************************************************

অভিন্ন দেওয়ানি বিধি UCC-র খসড়া বিল পর্যালোচনার জন্য একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে রাজ্য সরকার। ৯ সদস্যের এই বিশেষজ্ঞ কমিটির চেয়ারপার্সন সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা প্রকাশ দেশাই। এছাড়া সদস্য হিসেবে রয়েছেন, মেঘালয়ের প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়, IAS দুষ্মন্ত নারিয়ালা, রাজ্যের স্বরাষ্ট্রসচিব সংঘমিত্রা ঘোষ, অবসরপ্রাপ্ত আই.এ.এস শত্রুঘ্ন সিং প্রমুখ। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিয়ে, বিবাহবিচ্ছেদ, উত্তরাধিকার এবং উইল সংক্রান্ত বিষয়ে প্রস্তাবিত খসড়া বিলটি বিস্তারিতভাবে পরীক্ষা - ও পর্যালোচনা করবে এই কমিটি।

বারুইপুরে গতকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, বিধানসভায় খুব শীঘ্রই UCC নিয়ে আসার ব্যাপারে সরকার আশাবাদী।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যপাল বিধানসভায় পাশ হওয়া গুন্ডাদমন এবং সম্পত্তি বাজেয়াপ্ত বিলে সই করেছেন। আগামী সোমবার থেকেই সেগুলি কার্যকর হবে।

*******************************************************************

ধর্ষণ, খুন সহ সামাজিক অপরাধের নেপথ্যে মাদকের বড় ভূমিকা আছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। তাই রাজ্য জুড়ে বেআইনি মদ এবং মাদকের ঠেকের বিরুদ্ধে পুলিশকে বিশেষ অভিযান চালানোর নির্দেশ দিয়েছেন তিনি। দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের সূর্যপুরে নতুন পুলিশ ফাঁড়ির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। নির্যাতিতা বালিকার পরিবার এবং গণপিটুনিতে নিহতের পরিবারের সঙ্গে দেখা করেন তিনি। দুই পরিবারের পাশে থাকারই বার্তা দিয়েছেন শুভেন্দু বাবু। নাবালিকা ধর্ষণ ও খুনের ঘটনায় সরাসরি মুখ্যমন্ত্রীর নজরদারিতে তদন্ত হবে বলে শুভেন্দু বাবু জানান।

( বাইট- মুখ্যমন্ত্রী/মাদক )

নির্যাতিতার পরিবারের দাবী অনুযায়ী ওই অঞ্চলে একটি পুলিশ ফাঁড়ির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

গণপিটুনিতে নিহত **ইন্দ্রজিত মন্ডলের বাড়ি গিয়ে** ইন্দ্রজিতের দাদার হাতে সিভিক ভল্যান্টিয়ার হিসাবে নিয়োগ পত্র তুলে দেন মুখ্যমন্ত্রী। পরিবারের হাতে ২৫ লক্ষ টাকার চেক তুলে দিয়েছেন তিনি।

এদিকে, বারুইপুরে মৃত্যু, ভাঙচুর ও অগ্নিসংযোগের মামলায় আরও তিন জনকে গ্রেফতার করেছে পুলিশ। এই নিয়ে মামলায় মোট গ্রেফতারের সংখ্যা বেড়ে দাঁড়াল- ৩৮।

*****************************************************************

নিয়োগের ৪৮ ঘন্টার মধ্যেই সিঁথি থানার **অফিসার ইন চার্জ** চামেলি মুখোপাধ্যায়কে তাঁর আগের পোস্টিং-এ ফেরানো হয়েছে। সম্প্রতি তাঁকে উল্টোডাঙ্গা মহিলা থানার ওসি পদ থেকে বদলি করে সিঁথি থানার দায়িত্ব দেওয়া হয়। গত বৃহস্পতিবার কলকাতা পুলিশের ৩৩ জন ইনস্পেক্টর পদমর্যাদার আধিকারিকের বদলির নির্দেশ দেন কমিশনার অজয় নন্দ।

*****************************************************************

জাতীয় শিক্ষানীতির বাস্তব প্রয়োগ নিয়ে শিক্ষকদের ওয়াকিবহাল করতে বিশেষ কর্মশালার আয়োজন করেছে পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন। উজ্জীবন চর্চা শীর্ষক ওই অনলাইন কর্মশালায় জাতীয় শিক্ষানীতির নানা দিক তুলে ধরা হয়। কর্মশালায় অংশ নিয়ে রাজ্যের স্কুল শিক্ষা মন্ত্রী দীপক বর্মণ বলেন, ছাত্রছাত্রীদের কাছে পড়াশোনাকে অভিজ্ঞতাভিত্তিক, আনন্দময় ও সৃজনশীল করে তোলাই জাতীয় শিক্ষানীতির মূল বক্তব্য। তিনি জানান, প্রতিটি শিশুর মধ্যে অনন্য সম্ভাবনাকে বিকশিত করা এই শিক্ষা নীতির উদ্দেশ্য। এছাড়া শিক্ষকদের পেশাগত উন্নয়ন, উদ্ভাবনী শিক্ষণ পদ্ধতির ওপরেও জোর দেওয়া হয়েছে জাতীয় শিক্ষানীতিতে।

*****************************************************************

RG Kar মেডিক্যাল কলেজ তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায়, ভিসেরা নমুনা ও রিপোর্ট বিকৃত করার অভিযোগের তদন্ত করে ৩০শে জুলাই CBIকে প্রাথমিক রিপোর্ট জমা দবার নির্দেশ দিয়েছে শিয়ালদা আদালত।

এর আগে অভয়ার বাবার কাছে এসংক্তান্ত অভিযোগ জানিয়ে একটি  চিঠি আসে। সেখানে দাবী করা হয়, বেলগাছিয়ার রাজ্য ফরেন্সিক ল্যাবরেটারির তিন আধিকারিক, ভিসেরার নমুনা বদলের সঙ্গে যুক্ত ছিলেন। এরপরই শিয়ালদা আদালতের দ্বারস্থ হন নির্যাতিতার পরিবার।

*****************************************************************

গ্রাম পঞ্চায়েতে প্রধানরা না এলে সেখানে বিডিওদের দিয়ে প্রশাসকের কাজ করা হবে বলে উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী নিশীথ প্রামাণিক জানিয়েছেন। গতকাল কোচবিহারে সাংবাদিকদের কাছে তিনি বলেন, কিছু গ্রাম পঞ্চায়েতের প্রধান না আসায় বিভিন্ন উন্নয়নমূলক কাজে সমস্যা হচ্ছে। এরকম পরিস্থিতি চলতে পারে না বলেও তিনি উল্লেখ করেন।

*****************************************************************

বাঁকুড়ার বিষ্ণুপুর পুরসভার অচলাবস্থা কাটাতে প্রশাসক নিয়োগের উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। ইতিমধ্যেই এসংক্রান্ত নির্দেশ রাজ্য সরকারের পক্ষ থেকে এসে পৌঁছেছে বলে খবর। সম্প্রতি পুরসভার চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান-সহ অধিকাংশ তৃণমূল কাউন্সিলর পদত্যাগ করায় পুরসভায় দেখা দিয়েছে অচলাবস্থা। উন্নয়নমূলক কাজ বন্ধ হওয়ার পাশাপাশি কর্মীদের বেতনও আটকে যায়।

এদিকে স্বজনপোষণ, অবৈধ নির্মাণে মদত, টোল আদায়ের অর্থ এবং সরকারি তহবিলের নয়ছয়-সহ একাধিক আর্থিক অনিয়মের অভিযোগ উঠেছে পদত্যাগী পুরপ্রধান গৌতম গোস্বামীর বিরুদ্ধে। দায়ের হয়েছে লিখিত অভিযোগ। এর পর থেকেই গৌতম গোস্বামীকে খুঁজে পাওয়া যাচ্ছে না বলে অভিযোগ।

*****************************************************************

সংস্কার ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ সকাল ছটা থেকে রাত দশটা পর্যন্ত বিদ্যাসাগর সেতুতে যান চলাচল বন্ধ রয়েছে। কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে।

*****************************************************************

কমিশনার অফ রেলওয়ে সেফটির, স্বয়ংক্রিয় ট্রেন চালনা ব্যবস্থা– ATO-র পরিদর্শনের জন্য আজ কলকাতা মেট্রোর গ্রীন লাইনে ট্রেনের সময়সূচীতে কিছুটা পরিবর্তন করা হয়েছে। এই সেকশনে আজ সকাল ৯ টার পরিবর্তে পরিষেবা, বিকেল সাড়ে চারটেয় শুরু হবে। তবে টার্মিনাল স্টেশন থেকে শেষ পরিষেবার সময়সূচী অপরিবর্তিত থাকছে।

*****************************************************************

রাজ্যের সর্বত্র আগামী দুদিন, ভারি বৃষ্টির পূর্বাভাস। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে কয়েকটি জায়গায়, অতিভারি বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য্য জানিয়েছেন-

*****************************************************************

মেদিনীপুর মেডিকেল কলেজে স্যালাইন কাণ্ডে পাঁচজনকে শো কজ করেছে রাজ্য সরকার। এই ঘটনায় গঠিত তদন্ত কমিটি সম্প্রতি হাসপাতাল পরিদর্শনের পরে স্বাস্থ্য দপ্তরে একটি প্রাথমিক রিপোর্ট জমা দেয়। এরপরেই স্বাস্থ্য দপ্তরের তরফে হাসপাতালের সিস্টার ইনচার্জ, স্টাফ নার্স, অতিরিক্ত মেডিকেল সুপার, সহকারী হাসপাতাল সুপার এবং স্টোর ইনচার্জ-কে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে। তিন দিনের মধ্যে উত্তর দিতে বলা হয়েছে তাদের।

উল্লেখ্য, হৃদরোগে আক্রান্ত এক রোগীকে মেয়াদ উত্তীর্ণ স্যালাইন দেওয়ার অভিযোগ ওঠে। পরে ওই রোগীকে গুরুতর অসুস্থ অবস্থায় ক্রিটিকাল কেয়ার ইউনিটে স্থানান্তরিত করা হয়।

*****************************************************************